

জাকসু নির্বাচন : ছাত্রদের ৮ দফা ইশতেহার ঘোষণা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনের জন্য ‘সাদী-বৈশাখী-সাজ্জাদ-ইকরা পরিষদ’ তাদের নির্বাচনী ইশতেহার ঘোষণা করেছে।

শনিবার (৬ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের জুলাই গণ-অভ্যুত্থানের সময় নির্মিত অদম্য চব্বিশ স্তম্ভের সামনে এক প্রেস কনফারেন্সের মাধ্যমে ইশতেহার ঘোষণা করেন প্যানেলের সদস্যরা। এ সময় ‘প্রতিশ্রুতি নয়, পরিবর্তনে প্রতিজ্ঞাবদ্ধ’-স্লোগানকে সামনে রেখে ৮টি মূল অঙ্গীকার ঘোষণা করেন।

প্যানেলের নেতারা বলেন, তাদের ঘোষিত পরিকল্পনায় শিক্ষার্থীদের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে এবং নির্বাচিত হলে ক্যাম্পাসকে নিরাপদ, আধুনিক ও আন্তর্জাতিক মানের শিক্ষাঙ্গনে রূপান্তর করা হবে।

ইশতেহারে তারা উল্লেখ করেন—

আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা ও গবেষণা

একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ক্লাস-পরীক্ষা পরিচালনা, কোর্স কারিকুলাম উন্নয়ন, আন্তর্জাতিক মানের ভাষা শিক্ষা ইনস্টিটিউট প্রতিষ্ঠা, গবেষণায় বরাদ্দ বৃদ্ধি, লাইব্রেরি ডিজিটাইজেশন এবং শিক্ষার্থীদের জন্য ইন্টার্নশিপ ও পার্টটাইম চাকরির সুযোগ নিশ্চিতকরণ।

শিক্ষাবান্ধব ও নিরাপদ ক্যাম্পাস

জোরপূর্বক কর্মসূচি, র‍্যাগিং, গেস্টরুম-গণরুম সংস্কৃতি বন্ধ, বৈচিত্র্যের সহাবস্থান নিশ্চিতকরণ, নারী-পুরুষের জন্য আলাদা প্রার্থনাকক্ষ, ‘ইমার্জেন্সি হেল্পলাইন’ চালু ও সিসিটিভির আওতায় ক্যাম্পাস আনা।

পরিকল্পিত আবাসন ও উন্নত খাবার

প্রথম বর্ষ থেকেই সিট নিশ্চিত করা, মেস ও ক্যান্টিনে মানসম্মত খাবার, ভর্তুকি বৃদ্ধি এবং খাবারের মান নিয়মিত যাচাইয়ের ব্যবস্থা।

নারী শিক্ষার্থীদের নিরাপত্তা ও স্বাস্থ্যসুরক্ষা

নারী হলের নিরাপত্তা জোরদার, চাইল্ড কেয়ার সেন্টার, যৌন নিপীড়নবিরোধী সেলের সংস্কার, এন্টি-হারাসমেন্ট সেল গঠন, স্যানিটারি প্যাড ভেডিং মেশিন স্থাপন নারী উদ্যোক্তাদের জন্য ‘উদ্যোক্তা তহবিল’।

মানসম্মত স্বাস্থ্যসেবা

চিকিৎসা কেন্দ্র আধুনিকীকরণ, ২৪/৭ চিকিৎসা সেবা, টেলিমেডিসিন চালু, মনোবিদ নিয়োগ এবং চিকিৎসাকেন্দ্রকে ২০ শয্যার আধুনিক হাসপাতালে রূপান্তর।

সুসমন্বিত পরিবহণ

অভ্যন্তরীণ পরিবহণ ব্যবস্থার উন্নয়ন, বিশ্ববিদ্যালয় বাসে জিপিএস ট্র্যাকার স্থাপন ও মোবাইল অ্যাপস চালু, নতুন রুট সংযোজন, নিরাপদ সাইকেল ও মোটরসাইকেল পার্কিং স্থাপন।

ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ড

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা চালু, জিমনেসিয়াম আধুনিকায়ন, নৃগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি চর্চায় সহায়তা, সুস্থ বিনোদন ও সাংস্কৃতিক বৈচিত্র্য সম্প্রসারণ।

পরিবেশ সংরক্ষণ ও প্রাণীবান্ধব ক্যাম্পাস

প্রাণ-প্রকৃতি ও জীববৈচিত্র্য রক্ষা, অতিথি পাখির জন্য অনুকূল পরিবেশ তৈরি, ডাস্টবিন ও পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ, নিয়মিত বৃক্ষরোপণ এবং পরিবেশবান্ধব অবকাঠামো নিশ্চিতকরণ।

এ সময় প্যানেলের ভিপি প্রার্থী মো. শেখ সাদী হাসান বলেন, ‘আমরা গুম-খুন, নিপীড়ন ও রাষ্ট্রীয় নিষ্পেষণ মোকাবেলা করে দীর্ঘদিন ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই করেছি। এখন আমাদের

লক্ষ্য-একটি শিক্ষাবান্ধব, নিরাপদ ও আধুনিক জাহাঙ্গীরনগর গড়ে
তোলা এবং নিয়মিত জাকসু নির্বাচন নিশ্চিত করা। আমরা
ক্যাম্পাসে প্রায় পাঁচ হাজার শিক্ষার্থীকে হেপাটাইটিস বি ভ্যাক্সিনের
আওতায় এনেছি। সামনে একটা ২০ শয্যাবিশিষ্ট মেডিক্যাল
সেন্টার করার ও পরিকল্পনা রয়েছে শাখা ছাত্রদলের।’